# বাসাইল পৌরসভা কার্যালয়
## বাসাইল, টাঙ্গাইল।
স্থাপিত: ২০১১

স্মারক নং: বাসাপৌর/প্রকৌ/পূর্ত-২৬৮/২৩/২৫৮ তারিখ : ০৭-০৯-২০২৫

নিলাম বিজ্ঞপ্তি নং: ০১/২০২৫-২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভাধীন ০৩নং ওয়ার্ডে টিএন্ডটি অফিস সংলগ্ন রাস্তার উপর ঝুঁকিপূর্ন ০২ (দুই) টি রেইনট্রি গাছ যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট থেকে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | নিলামকৃত গাছের বিবরবণ | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | বাসাইল পৌরসভাধীন ০৩নং ওয়ার্ডে টিএন্ডটি অফিস সংলগ্ন রাস্তার উপর ঝুঁকিপূর্ন ০২ (দুই) টি রেইনট্রি গাছ। | ২৯৭৪৬/- | |

দরপত্রে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ০৮-০৯-২০২৫ ইং তারিখ হতে ১৪-০৯-২০২৫ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বাসাইল পৌরসভা কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল এর প্রকৌশল বিভাগ হতে নগদ ৫০০(পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎ যোগ্য) নিলাম দরপত্র ফরম ক্রয় করা যাবে এবং আগামী ১৫-০৯-২০২৫ ইং তারিখ বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত বাসাইল পৌরসভা অথবা বাসাইল উপজেলা পরিষদ অথবা বাসাইল থানায় নির্ধারিত বাক্সে নিলাম দরপত্র জমা প্রদান করা যাবে এবং ১৫-০৯-২০২৫ ইং তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় বাসাইল পৌরসভা কার্যালয়ে উপস্থিত দরদাতা গণের সম্মুখে প্রাপ্ত সকল দরপত্র উন্মুক্ত করা হবে। উদ্ধৃত দরের সমুদয় অর্থ প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

শর্তাবলী

১। নিলাম দরপত্রের বৈধতা সাপেক্ষে সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে।
২। দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে।
৩। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত)দিনের মধ্যে নিলামকৃত গাছ/মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই নিজ ব্যয়ে কর্তন পূর্বক অপসারণ করতে হবে।
৪। নিলাম ডাকের পর মালামালের নিরাপত্তার দায়িত্ব ক্রেতার উপর বর্তাবে, নিলামে বিক্রিত মালামাল চুরি/খোয়া বা নষ্ট হয়ে গেলে তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
৫। গাছ কর্তনের সময় অন্যান্য স্থাপনার ক্ষতি সাধন করা যাবে না।

০৭-০৯-২৫

মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং: বাসাপৌর/প্রকৌ/পূর্ত-২৬৮/২৩/২৫৮ তারিখ : ০৭-০৯-২০২৫

অনুলিপি :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
০২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৪। বিভাগীয় বন কর্মকর্তা, টাঙ্গাইল।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
০৬। সহকারী কমিশনার ভূমি, বাসাইল, টাঙ্গাইল।
০৭। সদস্য (সকল), প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটি, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল ।
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাসাইল থানা, টাঙ্গাইল।
০৯। সহকারী প্রকৌশলী, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল ।
১০। পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
১১। হিসাব রক্ষক (ভা.), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
১২। জনাব ..........................................................................................................
১৩। নোটিশ বোর্ড, বাসাইল পৌরসভা/উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, বাসাইল/বাসাইল থানা, টাঙ্গাইল।

০৭-০৯-২৫

(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।